**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/25/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# আঞ্চলিক নির্মল হাইড্রোজেন হাব গড়ে তোলার প্রস্তাবনার ব্যাপারে একাধিক স্টেটের চুক্তিতে মেইন ও রোড আইল্যান্ড যোগদান করছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***নিউ ইয়র্কের নেতৃত্বাধীন বহু সংস্থাভিত্তিক কনসোর্টিয়ামে এখন ছয়টি স্টেট এবং 60টিরও বেশি হাইড্রোজেন বাস্তুসংস্থান অংশীদার রয়েছে***

***অংশীদাররা ফেডারেল অবকাঠামোগত বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের তহবিলের জন্য প্রস্তাব প্রণয়ন করবে, যা সেপ্টেম্বর/অক্টোবর মাসে মোট 8 বিলিয়ন ডলারের লভ্য তহবিল নিয়ে প্রকাশিত হবে বলে প্রত্যাশা করা হচ্ছে***

***2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনার জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে বাইপার্টিজান অবকাঠামোগত বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের আওতাধীন ফেডারেল আঞ্চলিক নির্মল হাইড্রোজেন হাব কর্মসূচির মাধ্যমে নির্ধারিত কমপক্ষে চারটি আঞ্চলিক নির্মল হাইড্রোজেন হাবের মধ্যে একটি হয়ে উঠার জন্য একটি প্রস্তাবনা প্রণয়ন করার উদ্দেশ্যে, নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্বাধীন একটি চুক্তিতে স্বাক্ষর করার মাধ্যমে, কানেক্টিকাট, ম্যাসাচুসেটস ও নিউ জার্সির সঙ্গে মেইন ও রোড আইল্যান্ড যোগ দিচ্ছে। ছয়টি স্টেট এবং এখন 60টিরও বেশি নির্মল হাইড্রোজেন বাস্তুসংস্থান অংশীদার নিয়ে গঠিত এই কোয়ালিশন যুক্তরাষ্ট্রের জ্বালানি বিভাগের (United States Department of Energy) তরফ থেকে সেপ্টেম্বর বা অক্টোবর মাসে ঘোষিত হতে যাওয়া প্রত্যাশিত অনুদানের সুযোগ কাজে লাগানোর জন্য একটি প্রস্তাবনা প্রণয়নের ব্যাপারে কাজ করছে, যে অনুদানের আওতায় মোট 8 বিলিয়ন ডলার পর্যন্ত তহবিল লভ্য হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। আজকের ঘোষণা প্রত্যেক স্টেটের নেতৃত্বকে নির্মল হাইড্রোজেন অবকাঠামো বাস্তবায়নের দিকে এক ধাপ এগিয়ে নিয়েছে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনতে নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে।

"আমাদের শেয়ার করা জলবায়ু লক্ষ্যসমূহকে এগিয়ে নিয়ে যাবে এমন একটি আঞ্চলিক নির্মল জ্বালানির হাইড্রোজেন হাব গড়ে তোলার রূপকল্প বাস্তবায়নের জন্য আমাদের অব্যাহতভাবে কাজ করে যাওয়ার এই সময়ে, এই বৈচিত্র্যপূর্ণ ও ডাইনামিক অংশীদারদের গ্রুপে মেইন ও রোড আইল্যান্ডকে স্বাগত জানাতে পেরে নিউ ইয়র্ক আনন্দিত," **বলেছেন গভর্নর**

**হোকল।** "উত্তরপূর্ব অঞ্চল জুড়ে একটি শক্তিশালী ও সংযুক্ত নির্মল জ্বালানি বাজার গড়ে তোলা একটি যুগান্তকারী নির্মল জ্বালানি বিকল্প প্রদান করবে যা আমাদের শেয়ার করা জলবায়ু লক্ষ্যসমূহ পূরণের জন্য আমাদের সক্ষমতার ক্ষেত্রে রূপান্তর ঘটাবে এবং একইসাথে 21 শতকের উদ্ভাবনকে এগিয়ে নিয়ে যাবে এবং এই অঞ্চলজুড়ে শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য উদ্দীপনা যোগাবে।"

মার্চ মাসে প্রাথমিক পর্যায়ে ঘোষণার পর থেকে, নিউ ইয়র্ক কৌশলগত অংশীদারদের সংযোজন করা অব্যাহত রেখেছে, যাদের মধ্যে এখন 14টি বেসরকারি খাতের শিল্পের নেতৃবৃন্দ, 12টি ইউটিলিটি, 20টি হাইড্রোজেন প্রযুক্তির অরিজিনাল ইক্যুইপমেন্ট ম্যানুফ্যাকচারার (OEM), 10টি বিশ্ববিদ্যালয়, সাতটি অলাভজনক সংস্থা, পাঁচটি অন্য স্টেট, দুইটি পরিবহন কোম্পানি এবং তিনটি স্টেট পর্যায়ের সংস্থা অন্তর্ভুক্ত রয়েছে। একটি উপযুক্ত নির্মল জ্বালানি হাব হিসেবে এই অঞ্চলের সুদৃঢ় অবস্থান তৈরি করতে যোগদান করতে আগ্রহী স্টেট ও সংস্থাগুলোর সঙ্গে নিউ ইয়র্ক সম্পৃক্ততা অব্যাহত রাখবে।

মেইন ও রোড আইল্যান্ডের পাশাপাশি নতুন অংশীদারদের মধ্যে রয়েছে:

- অ্যাডভেন্ট টেকনোলজিস (Advent Technologies)
- অ্যাম্বিয়েন্ট ফুয়েলস (Ambient Fuels)
- অ্যামোগি, ইনক. (Amogy, Inc.)
- চ্যারবোন হাইড্রোজেন কর্পোরেশন (Charbone Hydrogen Corporation)
- কানেক্টিকাট গ্রিন ব্যাংক (Connecticut Green Bank)
- এজওয়াইজ এনার্জি (Edgewise Energy)
- EDP রিনিউয়েবলস নর্থ আমেরিকা (EDP Renewables North America)
- ইক্যুইনর (Equinor)
- H2/HPA সোনিক্স (H2/HPA Sonics)
- হাইজন মোটর্স ইনক. (Hyzon Motors Inc.)
- ইনফিনিটি ফুয়েল সেল এন্ড হাইড্রোজেন, ইনক. (Infinity Fuel Cell and Hydrogen, Inc.)
- জাতীয় জ্বালানি গ্যাস বিতরণ কর্পোরেশন (National Fuel Gas Distribution Corporation)
- নেল হাইড্রোজেন (Nel Hydrogen)
- NECEC (নর্থইস্ট ক্লিন এনার্জি কাউন্সিল এবং NECEC ইনস্টিটিউট)
- নর্থভিল ইন্ডাস্ট্রিজ কর্প. (Northville Industries Corp.)
- নভো হাইড্রোজেন, ইনক. (NovoHydrogen, Inc.)
- প্র্যাট এন্ড হুইটনি (Pratt & Whitney)
- প্রিসিশন কম্বাশ্চন, ইনক. (Precision Combustion, Inc.)
- রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট (Rensselaer Polytechnic Institute)
- রোড আইল্যান্ড এনার্জি (Rhode Island Energy)
- সিয়েনা কলেজ (Siena College)
- স্কাইয়ার, ইনক. (Skyre, Inc.)

- পিকস রিনিউয়েবলস এন্ড সামিট ইউটিলিটিজ, ইনক. (Peaks Renewables and Summit Utilities, Inc.)
- কানেক্টিকাট বিশ্ববিদ্যালয় (University of Connecticut)

কনসোর্টিয়ামের অংশীদাররা নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA), নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)-এর সঙ্গে নির্মল জ্বালানি প্রকল্পগুলো এগিয়ে নেওয়ার প্রস্তাবনা প্রণয়নের কাজে সহযোগিতা করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। অংশীদার স্টেটসমূহ এছাড়াও তাদের নিজেদের স্টেট এনটিটিসমূহের মধ্যে সমন্বয় করবে যাতে কনসোর্টিয়ামের প্রচেষ্টাকে প্রত্যেক স্টেটের জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যের সাথে মানানসই করা যায়। এগুলোর মধ্যে রয়েছে কানেক্টিকাটের বৈশ্বিক উষ্ণতার সমাধান আইনের (Global Warming Solutions Act) 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 80 শতাংশ কমিয়ে আনার লক্ষ্য, ম্যাসাচুসেটসের 2050 সালের মধ্যে নেট-জিরো কার্বন নির্গমনে পৌঁছানোর লক্ষ্য, নিউ জার্সির বৈশ্বিক উষ্ণতার প্রতি সাড়াদান আইনের (Global Warming Response Act) 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 80 শতাংশ কমিয়ে আনার লক্ষ্য, মেইন-এর 2045 সালের মধ্যে কার্বন নিরপেক্ষতা অর্জনের বিধিবদ্ধ লক্ষ্য এবং 2050 সালের মধ্যে গ্রস গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমপক্ষে 80 শতাংশ কমিয়ে আনার লক্ষ্য এবং রোড আইল্যান্ডের 2033 সালের মধ্যে 100 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ অর্জন করার অঙ্গীকার।

2021 সালের ডিসেম্বর মাসে প্রকাশিত হওয়া নিউ ইয়র্ক ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (New York Climate Action Council) খসড়া স্কোপিং পরিকল্পনায় নিম্ন-কার্বন বিশিষ্ট জ্বালানি যেমন ক্লিন হাইড্রোজেনকে যেসব খাতে বিদ্যুতায়ন করা বেশ চ্যালেঞ্জিং একটি ব্যাপার এমন খাতগুলোতে, যেমন পরিবহন ও ভারী শিল্পে, জলবায়ু আইনের লক্ষ্যসমূহ অর্জনের কৌশলের একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে চিহ্নিত করা হয়েছে।

**NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন,** "মেইন, রোড আইল্যান্ড, এবং শিক্ষা, শিল্প, ইউটিলিটি, ও অলাভজনক খাতের প্রতিনিধিত্বকারী কৌশলগত অংশীদারদের যোগদানের মধ্য দিয়ে আমরা উদ্ভাবন থেকে শুরু করে চূড়ান্ত ব্যবহার পর্যন্ত সমগ্র ভ্যালু চেইনের প্রতিনিধিত্বকারী অংশীদারদের ইতোমধ্যে শক্তিশালী ও বৈচিত্র্যপূর্ণ গ্রুপকে আরো শক্তিশালী করে তুলেছি। একসঙ্গে, আমরা ডিকার্বনাইজ করা এবং নির্মল নবায়নযোগ্য জ্বালানি দিয়ে পরিচালিত একটি শূন্য-নির্গমনের অর্থনীতি অর্জনের জন্য কাজ করে যাওয়ার এই সময়ে, এই অঞ্চলকে নির্মল জ্বালানি খাতের একটি নেতৃস্থানীয় অবস্থানে প্রতিষ্ঠিত করছি।"

**নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন,** "মেইন, রোড আইল্যান্ড এবং অন্যান্য সমমনা অংশীদারের সঙ্গে এই সম্প্রসারিত সহযোগিতার সম্পর্ক আমাদের নির্মল জ্বালানি হাবের প্রস্তাবের মান উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে এবং উত্তরপূর্ব অঞ্চলকে যুক্তরাষ্ট্রের জ্বালানি বিভাগের মাধ্যমে তহবিল প্রাপ্তির জন্য আরো বেশি শক্তিশালী, অধিকতর বহুমুখী প্রতিযোগীতে পরিণত করবে। উদ্ভাবনী প্রযুক্তি জীবাশ্ম

জ্বালানির একটি বিকল্প হিসেবে সবুজ হাইড্রোজেনের সম্ভাবনা তুলে ধরছে এবং গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনবে, কর্মীদের উপকৃত করবে এবং একটি নির্মল জ্বালানি অর্থনীতি নির্মাণে সহায়তা করবে এমন বহু সুযোগ-সুবিধা নিয়ে বিশদভাবে ভাবার এখনই সঠিক সময়।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "নিউ ইয়র্কের নির্মল জ্বালানি লক্ষ্যসমূহ একটি টেকসই ভবিষ্যতের জন্য আমরা যে সবুজ অর্থনীতি গড়ে তুলছি তার চাবিকাঠি। ফেডারেল তহবিল ও ভবিষ্যত সুযোগ-সুবিধাগুলোর অ্যাক্সেস প্রদান করবে এমন একটি প্রস্তাব প্রণয়নের জন্য আমাদের সঙ্গে যোগ দেওয়া স্টেট ও কৌশলগত অংশীদারদের কারণে একটি আঞ্চলিক নির্মল হাইড্রোজেন হাব তৈরির ক্ষেত্রে আমাদের অব্যাহত নেতৃত্ব আরো বেশি জোরদার হয়েছে।"

চুক্তিগুলি কার্যকর হলে, অংশীদারগণ একত্রে যা যা করবে:

- আঞ্চলিক নির্মল হাইড্রোজেন হাবের জন্য শেয়ার করা ভিশন ও পরিকল্পনা সংজ্ঞায়িত করবে, যে হাবটি নিরাপদ নির্মল হাইড্রোজেন জ্বালানি উদ্ভাবন এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বিনিয়োগকে এগিয়ে নেবে, এবং একইসাথে এই অঞ্চলের অধিবাসীদের স্বাস্থ্য, সহনশীলতা, ও অর্থনৈতিক বিকাশের উন্নতি ঘটাবে।
- একটি কেন্দ্রের প্রস্তাবনা অগ্রসর করা যা জলবায়ু ও পরিবেশ ন্যায়বিচারকে এর কৌশলের কেন্দ্রে রাখে, যা অঞ্চলজুড়ে সংস্থানের এলাকাসমূহে সুযোগ প্রদান করবে এবং জীবনযাত্রার মান উন্নত করবে।
- কেন্দ্রের প্রস্তাবনার সমর্থনে প্রয়োজনীয় গবেষণা ও বিশ্লেষণ করবে এবং এই প্রযুক্তি নিয়োগের ফলে গ্রিনহাউস গ্যাস নিঃসরণ হ্রাসের পরিমাণ নির্ধারণ করার জন্য একটি মানানসই পন্থা বের করবে।
- উদ্ভাবন, উৎপাদন, অবকাঠামো, এবং সম্পর্কিত কর্মীবাহিনীর বিকাশ যাতে সকল অংশীদার স্টেটের মধ্যে বন্টিত হয় তা নিশ্চিত করতে একটি ফ্রেমওয়ার্ক গঠন করবে।
- অংশগ্রহণকারী স্টেটগুলোর নীতিমালা অনুযায়ী নির্মল হাইড্রোজেন উন্নয়নের পরিবেশগতভাবে দায়বদ্ধতাপূর্ণ সুযোগগুলোকে সহায়তা করবে।

এই কোয়ালিশন নবায়নযোগ্য শক্তি - যেমন তীরবর্তী ও উপকূলীয় বায়ুশক্তি, জলবিদ্যুৎ, ও সোলার PV - এবং পারমাণবিক বিদ্যুৎকে নির্মল হাইড্রোজেন উৎপাদনে অন্তর্ভুক্তিকরণ, এবং পরিবহন, যেমন মধ্যম ও হেভি-ডিউটি যানবাহন, ভারী শিল্প, এবং বিদ্যুৎ উৎপাদনের প্রয়োগক্ষেত্র অথবা ডিকার্বনাইজেশন প্রচেষ্টার সাথে সঙ্গতিপূর্ণ অন্যান্য যথাযথ ব্যবহারের মূল্যায়নের প্রতি মনোযোগী হওয়া অব্যাহত রাখবে।

**রোড আইল্যান্ডের গভর্নর ড্যান ম্যাককি বলেন,** "রোড আইল্যান্ড দেশের মধ্যে প্রথম স্টেট হিসেবে 2033 সালের মধ্যে 100 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ অর্জন এবং এর পাশাপাশি 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন নেট-জিরোতে কমিয়ে আনার পথে রয়েছে। তবে, জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে এই লড়াই আন্তঃস্টেট ও আন্তর্জাতিক সহযোগিতার উপর নির্ভরশীল। শুধু

একটি বাড়তি নির্মল জ্বালানি সংস্থান হিসেবে এবং আমাদের পরিবহন ও শিল্পখাতগুলোতে বিস্তৃত প্রয়োগের ব্যাপারেই নয়, বরং আমাদের অর্থনীতিতে নতুন কর্মসংস্থান যোগ করার মাধ্যমেও হাইড্রোজেনের যে অসাধারণ সম্ভাবনা রয়েছে তা আমাদের অন্বেষণ করার এই সময়ে নিউ ইয়র্কের নেতৃত্বাধীন আঞ্চলিক নির্মল হাইড্রোজেন হাবে রোড আইল্যান্ড যোগদান করায় আমি গর্বিত।"

**মেইন-এর গভর্নরের জ্বালানি বিষয়ক অধিদপ্তরের ডিরেক্টর ড্যান বুরগিস বলেন,** "নির্মল হাইড্রোজেন একটি অসাধারণ প্রযুক্তি যেটির এমন অর্থনৈতিক সমৃদ্ধি নিয়ে আসার সম্ভাবনা রয়েছে যা জীবাশ্ম জ্বালানি থেকে তৈরি গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনতে পারবে। নির্মল হাইড্রোজেনের সুযোগ-সুবিধাগুলো এগিয়ে নেওয়া, বাইপার্টিজান অবকাঠামো আইনের সর্বোচ্চ সুফল কাজে লাগানো, এবং আমাদের পরিবেশ ও অর্থনীতিকে জলবায়ু সংকটের প্রভাব থেকে রক্ষা করতে আমাদের স্টেটকে সাহায্য করার জন্য আমরা আঞ্চলিক অংশীদারদের সঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি।"

**অ্যাডভেন্ট টেকনোলজিস-এর চেয়ারম্যান ও চিফ এক্সিকিউটিভ অফিসার ড. ভ্যাসিলিস গ্রেগরিয়াস বলেন**, "নির্মল জ্বালানি প্রযুক্তির দিকে আমেরিকার উত্তরনের এই উল্লেখযোগ্য গতিশীলতার সময়ে এই বৃহৎ শিল্পখাতের অংশীদারিত্বে যোগদান করতে পেরে আমরা উচ্ছসিত। অ্যাডভেন্টে আমরা সবাই এই বিশ্বাস লালন করি যে জীবাশ্ম জ্বালানি ব্যবহারকারী প্রচলিত ও দূষণ সৃষ্টিকারী জ্বালানি উৎসের পরিবর্তে নির্মল হাইড্রোজেন ও ফুয়েল সেল গ্রহণ করার মাধ্যমে বিশ্ব আরো দ্রুত ডিকার্বনাইজেশনের লক্ষ্য অর্জন করতে পারবে। এই নতুন অংশীদারিত্ব আমাদেরকে একটি অধিকতর নির্মল আমেরিকার সম্ভাবনা ও ভবিষ্যত নিয়ে উৎসাহী ও উচ্চাকাঙ্ক্ষী করে তুলেছে। আমরা কনসোর্টিয়ামের অংশীদারদের সঙ্গে, এবং তার পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি, ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর সঙ্গে একটি সফল সহযোগিতার সম্পর্ক স্থাপনের প্রত্যাশা রাখি।"

**ইক্যুইনর উইন্ড US (Equinor Wind US)-এর প্রেসিডেন্ট সিরি এসপেডাল বলেন**, "বৃহৎ শিল্পগুলোকে সবুজতর প্রযুক্তির দিকে উত্তরণের পথে সাহায্য করার পাশাপাশি আঞ্চলিক ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য সুযোগ-সুবিধা তৈরি করবে এমন একটি হাইড্রোজেন হাব তৈরির উদ্দেশ্যে গভর্নর হোকল ও NYSERDA-এর নেতৃত্বাধীন এই অংশীদারিত্বে যোগ দিতে পেরে ইক্যুইনর উচ্ছসিত। একটি কার্যকর ও পরিবেশ-বান্ধব শক্তির বাহক হিসেবে, হাইড্রোজেন জ্বালানির টেকসই উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টা এমন প্রযুক্তি উন্মোচিত করতে সাহায্য করবে যা এই অঞ্চলকে হাইড্রোজেন অর্থনীতির সম্মুখভাবে রাখবে এবং নিউ ইয়র্কের নবায়নযোগ্য শক্তির লক্ষ্যসমূহ পূরণের ক্ষেত্রে নেতৃস্থানীয় ভূমিকা পালন করবে।"

**হাইজন মোটর্স-এর প্রেসিডেন্ট ও অন্তর্বর্তীকালীন CEO পার্কার মিকস বলেন,** "নির্মল হাইড্রোজেন ভ্যালু চেইনের সকল ধাপে স্টেটগুলো এবং শিল্পখাতের সদস্যদের মধ্যকার এই কোয়ালিশন শুধু যে নিউ ইয়র্কের নেতৃত্বাধীন সহযোগিতামূলক তহবিলের প্রস্তাবটিকে জোরদার করবে তাই নয়, বরং এটি উত্তরপূর্ব অঞ্চলে নির্মল হাইড্রোজেন বাস্তুসংস্থানের দীর্ঘমেয়াদী বৃদ্ধির

জন্য পরিকল্পনা প্রণয়নের সক্ষমতা প্রদান করবে। এই অঞ্চলের বৃহৎ ফ্রেইট করিডরগুলো সংলগ্ন হেভি-ডিউটি পরিবহনকে ডিকার্বনাইজ করার জন্য আবশ্যক জ্বালানি অবকাঠামো তৈরির জন্য এই সহযোগিতা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।"

**রোড আইল্যান্ড এনার্জি-এর ভাইস প্রেসিডেন্ট অব গ্যাস অপারেশন্স মিশেল লিওন বলেন,** "রোড আইল্যান্ডের শীর্ষ জ্বালানি সরবরাহকারী হিসেবে, আমাদের নির্মল জ্বালানির ভবিষ্যতের জন্য নির্মল হাইড্রোজেনের সম্ভাবনা শনাক্ত ও উন্নয়ন করতে সাহায্য করার এই প্রচেষ্টায় যোগ দিতে পেরে আমরা উচ্ছসিত। স্টেট এবং আমাদের আঞ্চলিক অংশীদারদের আমাদের শেয়ার করা নির্মল জ্বালানি লক্ষ্যসমূহে পৌঁছাতে সাহায্য করার জন্য আমরা অঙ্গীকারাবদ্ধ এবং এই উদ্যোগ সেই লক্ষ্যসমূহে পৌঁছানোর ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে কাজ করবে।"

**ইউকন (UConn)-এর গবেষণা, উদ্ভাবন ও শিল্পোদ্যোগ বিষয়ক ভাইস প্রেসিডেন্ট ড. পামির আলপে বলেন,** "নির্মল ও নবায়নযোগ্য জ্বালানির প্রয়োজন ক্রমশ বৃদ্ধি পেতে থাকবে এবং ইউকন নির্মল হাইড্রোজেন ও ফুয়েল সেল এর ব্যাপারে এটির বিস্তৃত গবেষণা ক্রিয়াকলাপ ও শিক্ষামূলক প্রচেষ্টা নিয়ে গর্বিত। আমাদের শীর্ষস্থানীয় নেতৃত্ব থেকে, ইউকন নির্মল, নবায়নযোগ্য জ্বালানিকে গবেষণার একটি প্রধান অগ্রাধিকার হিসেবে গ্রহণ করেছে, যা আমাদের পুরস্কার-বিজয়ী ফ্যাকাল্টি, আঞ্চলিক ও বৈশ্বিক শিল্পখাতের সঙ্গে অংশীদারিত্ব, এবং আমাদের ক্যাম্পাসগুলোতে সর্বাধুনিক ফ্যাসিলিটিগুলো থেকে প্রতীয়মান হবে। আমাদের বিশ্ববিদ্যালয় নির্মল হাইড্রোজেন প্রযুক্তির উপস্থাপন করা চ্যালেঞ্জগুলোর উত্তর দিতে দৃঢ় প্রতিজ্ঞ এবং এই খাতে ক্যারিয়ার গঠনের জন্য কানেক্টিকাটের নতুন প্রজন্মের শিক্ষার্থীদের প্রস্তুত করছে।"

**ম্যাসাচুসেটসের জ্বালানি ও পরিবেশ বিষয়ক সচিব বেথ কার্ড বলেন,** "উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যসমূহ, যেমন 2050 সালের মধ্যে নেট জিরো গ্রিনহাউজ গ্যাস নির্গমন অর্জনের জন্য আমাদেরকে অবশ্যই আঞ্চলিক সহযোগিতা অব্যাহত রাখতে হবে। অধিকতর শক্তিশালী সহযোগিতার সঙ্গে নতুন প্রযুক্তি ও নবায়নযোগ্য জ্বালানির উৎস অণ্বেষন ও বাস্তবায়নের সম্মিলন সব অংশীদারকে জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ প্রশমনের ক্ষেত্রে অর্থপূর্ণ, টেকসই অগ্রগতি অর্জনে সাহায্য করবে এবং আমরা মেইন স্টেট এবং রোড আইল্যান্ড স্টেটকে এই একাধিক স্টেটের মধ্যকার চুক্তিতে স্বাগত জানাই।"

**কানেক্টিকাট DEEP-এর কমিশনার ক্যাটি ডাইকস বলেন,** "আঞ্চলিক হাইড্রোজেন হাব এর জন্য আবেদনকারীদের দলে মেইন ও রোড আইল্যান্ডকে যোগ করতে পেরে DEEP উচ্ছসিত। আঞ্চলিক গ্রিনহাউজ গ্যাস উদ্যোগের (Regional Greenhouse Gas Initiative) ক্ষেত্রে আমরা যেমনটি করেছিলাম, তেমনিভাবে আরো একবার উত্তরপূর্ব অঞ্চল জলবায়ু পরিবর্তন ও ক্ষতিকর বায়ু দূষণ মোকাবেলার জন্য কার্যকর সহযোগিতার সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছে। আমি আত্মবিশ্বাসী যে এই কঠোর পরিশ্রম নির্মল হাইড্রোজেন প্রযুক্তিতে বিনিয়োগের জন্য ফেডারেল তহবিল কাজে লাগানোর মাধ্যমে কানেক্টিকাটের জন্য এবং এই পুরো অঞ্চলের জন্য অসাধারণ সুফল বয়ে আনবে, কার্বন নির্গমন উল্লেখযোগ্য পরিমাণে কমিয়ে আনবে, এবং একটি সমতাপূর্ণ উপায়ে কানেক্টিকাটের নির্মল জ্বালানি অর্থনীতি গড়ে তোলা অব্যাহত রাখবে।"

**নির্মল জ্বালানি ও সবুজ অর্থনীতি বিষয়ক গভর্নরের কার্যালয়ের ডিরেক্টর জেন কোহেন বলেন,** "গভর্নর মারফির নেতৃত্বে, নিউ জার্সির জলবায়ু নীতিমালা নির্মল জ্বালানি প্রযুক্তির বীজ বপন করা এবং আমাদের স্টেটের সবুজ অর্থনীতিকে সমৃদ্ধ করার প্রতি মনোযোগী হয়েছে, যার ফলে 4,000 মেগাওয়াটেরও বেশি সৌরবিদ্যুৎ উৎপাদন এবং উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন হয়েছে। আমরা রোড আইল্যান্ড ও মেইনকে এই আঞ্চলিক সহযোগিতার সম্পর্কে স্বাগত জানাতে পেরে আনন্দিত এবং তহবিল প্রাপ্তির জন্য একটি শক্তিশালী প্রস্তাব প্রণয়ন করতে আমাদের স্টেট ও MOU অংশীদারদের সঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি।"

2022 সালের জুন মাসে, যুক্তরাষ্ট্রের জ্বালানি বিভাগ (Department of Energy, DOE) ঘোষণা করে যে 2022 সালের সেপ্টেম্বর বা অক্টোবর মাসে প্রাথমিক পর্যায়ে নির্মল হাইড্রোজেন হাব গঠনের জন্য তহবিল প্রাপ্তির সুযোগের ঘোষণা (Clean Hydrogen Hubs Funding Opportunity Announcement, FOA) প্রদান করা হবে, যেখানে আনুমানিক 6-7 বিলিয়ন ডলারের তহবিল লভ্য থাকবে বলে প্রত্যাশা করা হচ্ছে। প্রাথমিক পর্যায়ের এই তহবিল 6-10টি নির্মল হাইড্রোজেন হাবকে সহায়তা করবে বলে প্রত্যাশা করা হচ্ছে এবং 2023 সালের কোনো এক সময়ে এই অনুদান প্রদান করা হবে; ভবিষ্যতের FOA চালুর জন্য অথবা অন্যান্য সহায়তামূলক ক্রিয়াকলাপের জন্য আরো 1-2 বিলিয়ন ডলারের ব্যবস্থা করা হতে পারে। প্রস্তাবগুলোকে সর্বোচ্চ 1.25 বিলিয়ন ডলার পর্যন্ত অনুদান প্রদান করা হতে পারে।

নিউ ইয়র্ক স্টেটে হাইড্রোজেন কর্মকাণ্ড নিয়ে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে NYSERDA-র ওয়েবসাইট ভিজিট করুন।

**নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা**
নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি

করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষ্যের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন